

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moffood.gov.bd

নং- ১৩.০০.০০০০.০২২.৩৩.০৭৪.৯১-৪৮৪

তারিখঃ ২৭ ভাদ্র, ১৪২৪ বঃ
১১ সেপ্টেম্বর, ২০১৭ খ্রি:

প্রেরকঃ মোহাম্মদ হেলাল উদ্দিন
সিনিয়র সহকারী সচিব
প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য মন্ত্রণালয়
১৬, আবদুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ জনাব মোঃ তোফাজ্জল হোসেন, প্রাক্তন পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - এর ভূতাপেক্ষ সিলেকশন গ্রেড প্রাপ্তিতে সংশোধিত মাসিক গৃহীতব্য বেতনের ভিত্তিতে এককালীন অবশিষ্ট আনুতোষিক মঞ্জুরি।

সূত্র: খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০৮১.১৪- ৯৮৮ তারিখ: ২৩/০৮/২০১৭ খ্রি।
জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ তোফাজ্জল হোসেন, প্রাক্তন পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা গত ০১/০১/২০১৬ খ্রি. তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করেন। খাদ্য মন্ত্রণালয়ের ১৩.০০.০০০০.০২২.৩৩.০৭৪.৯১-১৯৬ তারিখ: ২৯/০৩/২০১৬ খ্রি. নং স্মারকমূলে তাকে প্রাপ্য পেনশনের সম্পূর্ণ বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুর করা হয়েছে। পরবর্তীতে মন্ত্রণালয়ের ১৩.০০.০০০০.০২২.১২.০০১.১৬-১৩ তারিখ: ১২/০১/২০১৭ খ্রি. নং প্রজ্ঞাপনমূলে উক্ত কর্মকর্তাকে ইতোপূর্বে প্রদত্ত সিলেকশন গ্রেড এর তারিখ সংশোধন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে উক্ত কর্মকর্তা অবশিষ্ট এককালীন আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেছেন।

০২। উক্ত কর্মকর্তা ইতোপূর্বে তার প্রাপ্য পেনশনের সম্পূর্ণ বিনিময়ে এককালীন আনুতোষিক গ্রহণকালে শেষ মাসিক গৃহীতব্য বেতন ছিল ৫৬,২৫০/- টাকা। খাদ্য মন্ত্রণালয়ের উপর্যুক্ত প্রজ্ঞাপন এর মাধ্যমে তীর ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রাপ্তির তারিখ ভূতাপেক্ষভাবে পরিবর্তিত হওয়ায় প্রদত্ত এলপিসি অনুযায়ী সংশোধিত শেষ মাসিক গৃহীতব্য বেতন হয়েছে ৫৮,৫০০/- টাকা। তৎপ্রেক্ষিতে তার প্রাপ্য এককালীন আনুতোষিকের পরিমাণও পরিবর্তিত হয়েছে। তিনি ইতোপূর্বে প্রাপ্য পেনশনের সম্পূর্ণ বিনিময়ে এককালীন আনুতোষিক বাবদ গ্রহণ করেছিলেন ৮৭,৩২,৮১২/৫০ (সাতাশ লক্ষ বত্রিশ হাজার আটশত বার টাকা পঞ্চাশ পয়সা) টাকা; যা পরিবর্তিত হয়ে দাড়িয়েছে ৯০,৮২,১২৫/- (নব্বই লক্ষ বিরাশি হাজার একশত পচিশ) টাকা। তাই উক্ত কর্মকর্তাকে নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী অবশিষ্ট ৩,৪৯,৩১২/৫০ (তিন লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত বার টাকা পঞ্চাশ পয়সা) টাকা আনুতোষিক প্রদানের মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

(ক) তীর নিকট সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তা তিনি বা তীর উত্তরাধিকারীগণ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

(খ) তার কার্যালয়ের ই,এল,পি,সি অনুযায়ী উক্ত কর্মকর্তা যে পরিমাণ অবশিষ্ট আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারি কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই মঞ্জুরি আদেশ জারী করা হলো।

০৪। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১ (এক) কপি
(খ)	সিলেকশন গ্রেড মঞ্জুরির প্রজ্ঞাপন	১ (এক) কপি
(গ)	ইতোপূর্বে আনুতোষিক মঞ্জুরির প্রজ্ঞাপন	১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১ (এক) কপি
(ঙ)	সংশোধিত শেষ বেতনের সনদ	১ (এক) কপি
(চ)	ইতোপূর্বে জারীকৃত পিপিওর ছায়ালিপি	১ (এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হেলাল উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
প্রশাসন-২ অধিশাখা
ফোন: ৯৫৪০১১২

sasestabadmin@moffood.gov.bd

তারিখঃ ২৭ ভাদ্র, ১৪২৪ বঃ
১১ সেপ্টেম্বর, ২০১৭ খ্রি:

নং- ১৩.০০.০০০০.০২২.৩৩.০৭৪.৯১-৪৮৪/১(৫)


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

২-৩। পরিচালক (প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

৪। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। জনাব মোঃ তোফাজ্জল হোসেন, প্রাক্তন পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা, বর্তমান ঠিকানা: জনাব মোঃ তোফাজ্জল হোসেন, ২২/১৩, তাজমহল রোড, ব্লক-সি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।


(মোহাম্মদ হেলাল উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
২১.০৯.১৭